দৈনিক সংবাদ

তারিখ 06 AUG 1986
পৃষ্ঠা 8 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন সেল

# শিক্ষা পরিদপ্তরে রাষ্ট্রপতির আকস্মিক পরিদর্শন

রাষ্ট্রপতি এরশাদ গতকাল ...বার সকালে আবদুল গনি রোডের পশ্চিম প্রান্তে শিক্ষা পরিদপ্তর আকস্মিক পরিদর্শনে যান।

পরিদর্শনকালে তিনি পরিদপ্তরের অবস্থা দেখে অসন্তোষ প্রকাশ করেন।

রাষ্ট্রপতি ফাইলপত্র ও অফিসের সাজ-সরঞ্জাম বছরের পর বছর ধরে একটা নোংরা অবস্থায় অযত্নে অবহেলায় ইতস্তত: বিক্ষিপ্তভাবে পড়ে থাকতে দেখেন। তিনি বলেন, এ অবস্থায় কোন অফিস চলতে পারে না।

তিনি বিস্ময় প্রকাশ করে বলেন, শিক্ষা পরিদপ্তরের অবস্থা যদি এমন বিশৃঙ্খল হয় তাহলে জাতি কি করে শিক্ষার উন্নয়নে ক্রমবর্ধমান ব্যয়ের ফল আশা করতে পারে।

রাষ্ট্রপতি এরশাদ দু:খের সাথে বলেন, শিক্ষা পরিদপ্তরের পরিবেশ কোন কাজের জন্যে মোটেও অনুকূল নয়।

তিনি অফিসের নিয়ম-শৃংখলা প্রতিষ্ঠা ও পরিদপ্তরটিকে সুষ্ঠুভাবে সংগঠিত করার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। তিনি অফিসে বহিরাগতদের প্রবেশের ওপর কড়াকড়ি আরোপের নির্দেশ দেন। তিনি এক মাস পর এই অফিস পরিদর্শন করবেন বলে তাঁদের জানান। তখন এই অফিসটি পরিদপ্তর সদর দপ্তরের মতই মনে হবে বলে তিনি আশা করেন।

রাষ্ট্রপতি অফিসে আগত কয়েকজন দর্শনার্থীর সঙ্গেও আলাপ করেন এবং তারা কি উদ্দেশ্যে এসেছেন তা জানতে চান।

শিক্ষা সচিব কাজী আজহার আলী এবং উচ্চ শিক্ষা, প্রাথমিক শিক্ষা ও ফেসিলিটিজ পরিদপ্তরের উর্ধ্বতন অফিসাররা এ সময় উপস্থিত ছিলেন। খবর বাসস'র।

## বাস প্রদান

রাষ্ট্রপতি গতকাল মঙ্গলবার তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটের জন্যে ৫২ আসন বিশিষ্ট একটি বাস দিয়েছেন।

রাষ্ট্রপতির পক্ষ থেকে সিএমএলএ'র পিএসও মেজর জেনারেল এম, আতিকুর রহমান ইনস্টিটিউটের অধ্যক্ষের কাছে বাসটি হস্তান্তর করেন। রাষ্ট্রপতি এর আগে ওই ইনস্টিটিউটকে একটি মিনিবাস দিয়েছিলেন। খবর বাসস'র।